

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে অদ্য ১৮/০৭/২০২১ ইং তারিখ রোজ বুধবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. জেডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে অত্র পৌরসভায় ২০২১-২২ অর্থ বছরের কর্ম পরিকল্পনা প্রনয়ন ও অনুমোদন প্রসংগে।
৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খন্দকার জাহিদুল হককে গত ২১/০৬/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
জেডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে অত্র পৌরসভায় ২০২১-২২ অর্থ বছরের কর্ম পরিকল্পনা প্রনয়ন ও অনুমোদন প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, মেহেরপুর পৌরসভা কতৃক জেডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে ২০২১-২২ অর্থ বছরের জন্য পৌরসভার বাজেটে মোট ১৩,৩৩,৫০০.০০ (তের লক্ষ তেরশ হাজার পাঁচশত) টাকা বরাদ্দ রাখা হয়েছে। এই বাজেটটি মোট রাজস্ব বাজেটের ২%। (GAP) বাস্তবায়নে ২০২১-২২ অর্থ বছরের এই বাজেট ত্রৈমাসিক ভিত্তিতে বিভাজন করে একটি কর্ম পরিকল্পনার খসড়া প্রস্তুত করা হয়েছে। প্রস্তুত কৃত কর্মপরিকল্পনাটি সভায় উপস্থাপনের জন্য সভাপতি মহোদয় বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করলে জনাব খন্দকার জাহিদুল হক এটি সভায় উপস্থাপন করেন। তিনি সভায় জানান কর্ম পরিকল্পনার মধ্যে রয়েছে স্থায়ী কমিটির সভার ব্যয়ভার, জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন, GAP সম্পর্কিত বিভিন্ন সভা ও সেমিনার, নারী বান্ধব অবকাঠামো নির্মাণ, কর্মসংস্থান মূলক প্রশিক্ষণ, নারীদের স্বাস্থ্য সেবা প্রদান, নারীদের নগদ অর্থ সহায়তা,	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য এ ব্যাপারে কাজ করবেন।

	<p>শীত বস্ত্র ও কাপড় বিতরণ, নারী সেকশন এবং করোনা মহামারী কালীন সহায়তা ও অন্যান্য প্রদান। মোট বাজেট এর অর্থ এই সকল বিষয়ের উপর বিভাজন করে কর্ম পরিকল্পনাটি প্রস্তুত করা হয়। পরিকল্পনাটি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এক পর্যায়ে সকলের সর্বসম্মতিতে কর্মপরিকল্পনাটি অনুমোদন করা হয়।</p>	
বিবিধ	<p>জনাবা মোছাঃ শিউলী খাতুন, মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা সভায় বলেন, আজ যে কর্ম পরিকল্পনাটি সভায় অনুমোদিত হল এটিই হয়তো বর্তমান পরিষদের শেষ কর্মপরিকল্পনা। তাই তিনি আশা প্রকাশ করেন, যাতে এই বাজেটটির যথাযথ মূল্যায়ন করে সঠিক ভাবে বাস্তবায়ন করা হয়। বিশেষ করে করোনার জন্য বরাদ্দকৃত অর্থ যাতে সঠিক ভাবে গরিব ও অসহায় মানুষের কল্যাণে লাগে তার দিকে বিমেশ দৃষ্টি দেওয়ার আহবান জানান।</p> <p>মেয়র মহোদয় বলেন, করোনা ভাইরাসের প্রদুর্ভাবে জাতি আজ বিপর্যস্ত। এই অবস্থা হতে পরিত্রাণের জন্য পৌরসভা সম্ভব সকল ব্যবস্থা গ্রহণ করবে। ইতি মধ্যে সরকারের সহযোগিতায় পৌরসভা হতে ওয়ার্ড বাসিদের জন্য গণটিকার ব্যবস্থা করা হয়েছে। করোনা মহামারীতে ক্ষতিগ্রস্ত অসহায় ও দারিদ্র নারীদের নানা ভাবে সাহায্য সহযোগিতা করা হচ্ছে। এবং আগামীতে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।</p>	পৌর পরিষদ।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(হামিদা)

(হামিদা)

মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
২. জনাব, সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ১৮/০৭/২০২১ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর
৮	মেয়র মোঃ মাহফুজুর রহমান	CDA (COUNCIL PRES)	স্বাক্ষর
৯			